

২০২১-২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২১-২২ শিক্ষাবর্ষে ইউনিটভিত্তিক বিভিন্ন বিভাগের অধীনে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য GST (General, Science and Technology) গুচ্ছভুক্ত পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষা ২০২১-২২ এ অংশগ্রহণকারী শিক্ষার্থীদের নিকট থেকে আবেদন আহ্বান করা হচ্ছে।

১। ভর্তির যোগ্যতা:

২০২১-২২ শিক্ষাবর্ষে অনুষ্ঠিত GST ভর্তি পরীক্ষায় ন্যূনতম ৩০ নম্বর প্রাপ্ত শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

২। যে সকল বিভাগে শিক্ষার্থী ভর্তি করা হবে এবং যারা আবেদন করতে পারবেন:

ইউনিট সমূহ	উচ্চ মাধ্যমিক শাখা	বিভাগসমূহ	GST ২০২১-২২ পরীক্ষার ইউনিট	বিষয়ভিত্তিক যোগ্যতা
A	বিজ্ঞান	কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, এপ্রায়েড কেমিস্ট্রি অ্যান্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং, এপ্রায়েড ম্যাথমেটিক্স, পরিসংখ্যান	A ইউনিট B এবং C ইউনিট (পরিসংখ্যান)	উচ্চ মাধ্যমিকে অবশ্যই গণিত থাকতে হবে। GST B ও C থেকে পরিসংখ্যানে ভর্তির জন্য উচ্চ মাধ্যমিকে পরিসংখ্যান/গণিত থাকতে হবে।
		ফার্মেসি, মাইক্রোবায়োলজি, বায়োটেকনোলজি অ্যান্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং, বায়োকেমিস্ট্রি অ্যান্ড মলিকুলার বায়োলজি		সকল বিভাগের জন্য উচ্চ মাধ্যমিকে অবশ্যই জীববিজ্ঞান থাকতে হবে। তবে ফার্মেসি পড়তে হলে উচ্চ মাধ্যমিকে অবশ্যই জীববিজ্ঞান ও গণিত উভয়ই থাকতে হবে।
		ফিশারিজ অ্যান্ড মেরিন সায়েন্স, ফুড টেকনোলজি অ্যান্ড নিউট্রিশন সায়েন্স, এনভায়রনমেন্ট সায়েন্স অ্যান্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট, এগ্রিকালচার, ওশানোগ্রাফি, জুয়েলজি		সকল বিভাগের জন্য উচ্চ মাধ্যমিকে অবশ্যই জীববিজ্ঞান থাকতে হবে। তবে ওশানোগ্রাফি পড়তে হলে উচ্চ মাধ্যমিকে অবশ্যই জীববিজ্ঞান ও গণিত উভয়ই থাকতে হবে।
B	মানবিক	ইংরেজি, অর্থনীতি, বাংলাদেশ ও মুক্তিযুদ্ধ স্টাডিজ, সমাজবিজ্ঞান, বাংলা, সমাজকর্ম, শিক্ষা, শিক্ষা প্রশাসন, আইন, ইনফরমেশন সায়েন্স অ্যান্ড লাইব্রেরি ম্যানেজমেন্ট	A, B, C ইউনিট	-
C	ব্যবসায় শিক্ষা	ব্যবসায় প্রশাসন, ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস	A, B, C ইউনিট	-

৩। আবেদন ফি: এক বা একাধিক ইউনিটের জন্য ৫০০.০০ (সকল চার্জ ব্যতীত) টাকা আবেদন ফি প্রদান করতে হবে।

৪। ভর্তির আবেদন প্রক্রিয়া:

আবেদন প্রক্রিয়ার বিস্তারিত বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (www.admission.nstu.edu.bd) জানা যাবে।

৫। কোটায় আবেদনের শর্তাবলী:

কোটায় আবেদনের ক্ষেত্রে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর পোষ্য কোটা (কেবল ছেলে/মেয়ে/স্ত্রী/স্বামী), মুক্তিযোদ্ধা (সন্তান/নাত/নাতনি), ক্ষুদ্র নৃগোষ্ঠী, হরিজন ও দলিত সম্প্রদায়, প্রতিবন্ধী (দৃষ্টি, বাক ও শ্রবণ) এবং খেলোয়াড় (শুধু বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান থেকে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ) প্রার্থীদেরকে সংশ্লিষ্ট ইউনিটে আবেদন করার সময় কোটা উল্লেখ করতে হবে এবং ভর্তির সময় যথাযথ প্রত্যয়নপত্র বা সনদপত্র প্রদর্শন করতে হবে।

৬। মেধাক্ষেত্র ও মেধাক্রম:

মেধাতালিকা তৈরি করা হবে ২০০ নম্বরের ভিত্তিতে। SSC/সমমানের পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) প্রাপ্ত GPA-এর ৮ গুণ, HSC/সমমানের পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) প্রাপ্ত GPA এর ১২ গুণ এবং GST ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর।

৭। গুরুত্বপূর্ণ তারিখসমূহ: আবেদনের সময়: ১৭ অক্টোবর ২০২২ থেকে ২৭ অক্টোবর ২০২২, রাত ১২:০০ টা পর্যন্ত (ছুটির দিনসহ)।

৮। বিশেষ দৃষ্টব্য:

- ক) ভর্তি সংক্রান্ত নিয়মনীতির যেকোন ধারা ও উপধারা পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন, সংযোজন এবং পুনঃসংযোজনের অধিকার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- খ) ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.admission.nstu.edu.bd এবং জাতীয় দৈনিক পত্রিকার মাধ্যমে জানানো হবে।
- গ) বিশেষ প্রয়োজনে ভর্তি সংক্রান্ত তথ্যের জন্য ই-মেইল admission@nstu.edu.bd-এ যোগাযোগ করা যাবে।

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।